# রোমান্টিসিজম

Presented by Dr. Biswajit Podder
For BNGH 4TH SEM & BNGH 5TH SEM & BNGG-5TH SEM
Assistant Professor
Asannagar MMT College

# সংজ্ঞাঃ-

- বিস্ময়-রসের পুনরুজ্জীবন ( ওয়াটস্ ডানটনের মতে)
- সুন্দরের সাথে অদ্ভুত ব্যাপারের পরিণয় ( ওয়াল্টার পেটারের মতে)
- সাহিত্যের উদারপ্রাণতা ( ভিক্টর হুগোর মতে)
- সাহিত্যে আত্মমুক্তি ( ব্রুনেতিয়েরে-এর মতে)
- আবার কারো মতে প্রকৃতির সান্নিধ্যলাভ বা প্রকৃতির রহস্য উপলব্ধি।
- হারফোর্ডের মতে- 'An extraordinary development of imaginative sensibility' (' দি এজ অব ওয়ার্ডস্ওয়ার্থ ' গ্রন্থে)

# উদ্ভবঃ-

১৮ শতকের শেষের দিকে নিওক্লাসিক সাহিত্যিকগণ ফর্মসর্বস্বতা ও রুচিবাদ নিয়ে এমন প্রাণহীন সাহিত্যের দিকে ঝুঁকতে থাকেন যে তার বিরুদ্ধে অসন্তোষ জমা হতে থাকে। এরপর গ্রে, ব্রেক, বার্নসের হাত দিয়ে ইংরেজী সাহিত্যে রোমান্টিকতার সূত্রপাত ঘটে।

অবশ্য কেউ কেউ মনে করেন ফরাসী বিপ্লব (১৭৮৯) থেকে আবার কেউ মনে করেন ওয়ার্ডস্ওয়ার্থ ও কোলরিজ সম্পাদিত Lyrical Ballads (১৭৯৮)-এর যুগ থেকে রোমান্টিক যুগের প্রবর্তন ঘটেছে।

# বৈশিষ্ট্যঃ-

- সাহিত্যের অনুভূতি জন্ম নেয় হৃদয়ে , মস্তিষ্কে নয়- এটা রোমান্টিকতার মূল কথা।
- রোমান্টিকতা বলতে জীবনবিমুখ কল্পনাবিলাসী রসসাধনা নয় কিন্তু।
- রোমান্টিকতাকে সর্বদা কল্পমায়ার অধ্যাত্মলীলা ভাবাও ঠিক নয়।
- রোমান্টিকতা এক ধরনের অতিরেক।
- এই অতিরেক অতীন্দ্রিয়বাদ বলে তাকে জীবনবিমুখ ভেবে ভুল করে বসে মানুষ।
- ইহা সাহিত্যিক মতবাদ হলেও এর মূল রয়েছে দার্শনিক জগতে।

# দার্শনিক জগতে রোমান্টিসিজম নিয়ে ভাবনাঃ-

- রোমান্টিসিজমের উদ্ভবে দুটি দার্শনিক মতবাদ ১) রুশোর বিদ্রোহমূলক জীবনদৃষ্টি
  ২) জার্মান দার্শনিক কান্ট ও হেগেলের তুরীয়বাদ

এক্ষেত্রে স্মরণীয় রুশোর The Social Contract, Emile, New Heloise গ্রন্থগুলি।

অবশ্য জার্মান দার্শনিকদের রোমান্টিকতা নিয়ে ভাবনায় রুশোর চেয়েও উগ্র ব্যক্তিস্বাতন্ত্রবাদ প্রতিষ্ঠিত।

# লক্ষণঃ-

- বিষয়বস্তু ও প্রকাশভঙ্গিতে নতুনত্ব।
- এই কাব্য-আন্দোলনের মূল কথা – কবিতা হবে সাধারণের জন্য, সাধারণ মানুষের ভাষায়। ক্লাসিক সাহিত্য ছিল ঠিক তার উল্টো।
- দূর ও অতীতের প্রতি আকর্ষণ – ভালোবাসা রোমান্টিক মানসিকতার বৈশিষ্ট্য।
- রোমান্টিকতার প্রতিষ্ঠাতা ওয়ার্ডস্ওয়ার্থের মতে কবিতা হবে 'The spontaneous overflow of powerful feelings'.

- প্রকৃতিমগ্নতা রোমান্টিক কবিদের মূল বৈশিষ্ট্য। তাই তাঁদের ‘নেচার পোয়েটস’ বলা হয় তবে তাঁদের নিছক ‘প্রকৃতির কবি’ বলে দাগিয়ে দেওয়াও ঠিক নয়।

- রোমান্টিক সাহিত্য Subjective বা মন্ময়। যেমন ডি কুইন্সির ‘ Confession of an English Opium Eater’.

- ফরাসী বিপ্লবের প্রভাবে এই কবিদের মানসিকতায় এমন সর্বাত্মক পরিবর্তন লক্ষণীয় ।

# ক্লাসিকতা ও রোমান্টিকতার কিছু পার্থক্যঃ

A. ক্লাসিকতার বিষয়বস্তু ও প্রকাশভঙ্গিতে প্রথানুগত্যতা থাকে। রোমান্টিকতায় সেখানে  নতুনত্ব থাকে।
B. ক্লাসিকতায় অভিজাতদের কথা,  অভিজাতদের ভাষা। রোমান্টিকতায় সাধারণের  জন্য  কবিতা ও সাধারণের জন্য ভাষা ব্যবহৃত।
C. কল্পনা ক্লাসিকের প্রধান পছন্দের বিষয়। আর spontaneous overflow রোমান্টিকদের প্রধান পছন্দের বিষয়।
D. ক্লাসিক সাহিত্য Objective বা তন্ময় আর রোমান্টিক সাহিত্য Subjective  বা মন্ময়।
E. ক্লাসিকতার চেয়ে রোমান্টিকতায় সংযম অনেক দৃঢ়বদ্ধ।

# বাংলা সাহিত্যে ক্লাসিক ও রোমান্টিক যুগঃ-

- বিদ্যাপতি বা গোবিন্দদাসের কাব্য ক্লাসিকতাই লক্ষ্য করা যায়। ভারতচন্দ্রে এসে প্রথম দৃষ্টিভঙ্গির পরিবর্তন লক্ষ্য করা যায়।

- রঙ্গলাল , নবীনচন্দ্রের যুগ ক্লাসিক যুগ। এরপর বিহারীলাল, রবীন্দ্রনাথ থেকে এসে গেল রোমান্টিক যুগ।

ধন্যবাদ